জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০,মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং-শি:উ:/৪৪/২০০২/ ১৬০৯

তারিখ: ২২/১১/২০১৭ খ্রি:

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য পরিচালিত একাদশ-দ্বাদশ শ্রেণির বিষয়কাঠামো অবহিতকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়কে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক একাদশ-দ্বাদশ শ্রেণির পরিমার্জিত 'শিক্ষাক্রম ২০১২' এর আলোকে গার্হস্থ্য বিজ্ঞান শাখার চারটি বিষয়ের আটটি পাঠ্যপুস্তক (প্রথম ও দ্বিতীয় পত্র) প্রণয়ন, প্রকাশ ও বাজারজাতকৃত হয়েছে। এ প্রেক্ষিতে গত ১৬/০৮/২০১৫ তারিখের জারিকৃত বিজ্ঞপ্তির গুচ্ছভিত্তিক বিষয় কাঠামোটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে সংশোধন করা হয়েছে। সংশোধিত বিষয় কাঠামো অনুযায়ী উচ্চ মাধ্যমিক স্তরের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম পরিচালনা ও রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এই বিষয় কাঠামো অপরিবর্তিত থাকবে।

সংশোধিত বিষয় কাঠামোর কপি এতদসঙ্গে সংযুক্ত করে কার্যার্থে প্রেরণ করা হলো।

২২/১১/১৭

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
সচিব
ফোন : ৯৫৬৫৬৪৪

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা/কুমিল্লা/রাজশাহী/বরিশাল/সিলেট/দিনাজপুর
যশোর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

স্মারক নং-শি:উ:/৪৪/২০০২/ ১৬০৯/১(৯)

তারিখ: ২২/১১/২০১৭ খ্রি:

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :**

১-৪। সদস্য (অর্থ/শিক্ষাক্রম/পাঠ্যপুস্তক/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, এনসিটিবি।
৬। ঊর্ধ্বতন বিশেষজ্ঞ, উচ্চ মাধ্যমিক ইউনিট, শিক্ষাক্রম উইং, এনসিটিবি, ঢাকা
৭। পিএ টু চেয়ারম্যান, এনসিটিবি
৮। পিএ টু সচিব, এনসিটিবি।
৯। সংরক্ষণ নথি

২২/১১/১৭

সহকারী সচিব (প্রশাসন)
ফোন : ৯৫৫২৮৪৯

letter to bords ummakulsum

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

''পাঠ্যপুস্তক ভবন''

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং | তারিখ : ২২/১১/২০১৭

## 'একাদশ-দ্বাদশ শ্রেণির সংশোধিত বিষয় কাঠামো'

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক শিক্ষাক্রম-২০১২ অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির গার্হস্থ্য বিজ্ঞান শাখার চারটি বিষয়ের আটটি পাঠ্যপুস্তক (১ম ও ২য় পত্র) ইতোমধ্যে প্রণয়ন, প্রকাশ ও বাজারজাতকৃত হয়েছে।

উপর্যুক্ত প্রেক্ষিতে একাদশ-দ্বাদশ শ্রেণির গত ১৬/০৮/২০১৫ তারিখের জারিকৃত বিজ্ঞপ্তি এর গুচ্ছভিত্তিক মূল বিষয়কাঠামো সংশোধন করা প্রয়োজন। সংশোধিত এই গুচ্ছভিত্তিক বিষয়কাঠামো অনুসারে উচ্চ মাধ্যমিক স্তরের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য শ্রেণি কার্যক্রম পরিচালনা ও রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এই বিষয়কাঠামো অপরিবর্তিত থাকবে। এমতাবস্থায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক বিষয়কাঠামো হবে নিম্নরূপ:

- শিক্ষার্থী নিম্নের যেকোনো একটি শাখায় ভর্তি হতে পারবে। শাখাসমূহ হচ্ছে–
  ক. মানবিক খ. বিজ্ঞান গ. ব্যবসায় শিক্ষা ঘ. ইসলাম শিক্ষা ঙ. গার্হস্থ্য বিজ্ঞান এবং চ. সংগীত
- সকল শাখার শিক্ষার্থীর জন্য আবশ্যিক বিষয়- ১. বাংলা ২. ইংরেজি ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- শাখাভিত্তিক বিষয়সমূহ নিম্নরূপ:

| শাখা | শাখাভিত্তিক নৈর্বাচনিক তিনটি বিষয় | শাখাভিত্তিক ঐচ্ছিক বিষয় (একটি নেওয়া যাবে) |
|---|---|---|
| বিজ্ঞান | ৪. পদার্থবিজ্ঞান<br>৫. রসায়ন<br>৬. জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত | ৭. (ক) জীববিজ্ঞান, (খ) উচ্চতর গণিত, (গ) কৃষিশিক্ষা, (ঘ)ভূগোল, (ঙ) মনোবিজ্ঞান, (চ) পরিসংখ্যান, (ছ) মৃত্তিকাবিজ্ঞান, (জ) প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (পুরাতন শিক্ষাক্রম), (ঝ) ক্রীড়া (পুরাতন শিক্ষাক্রম), শুধু বিকেএসপির জন্য) |
| মানবিক | ৪. ইতিহাস, অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৫. পৌরনীতি ও সুশাসন<br>৬. অর্থনীতি<br>৭. সমাজবিজ্ঞান অথবা সমাজকর্ম<br>৮. ভূগোল<br>৯. যুক্তিবিদ্যা<br>১০. ক্রীড়া (পুরাতন শিক্ষাক্রম, শুধু বিকেএসপির জন্য) | ১১. (ক) পৌরনীতি ও সুশাসন, (খ) অর্থনীতি, (গ) ভূগোল, (ঘ) যুক্তিবিদ্যা, (ঙ) সমাজবিজ্ঞান, (চ) সমাজকর্ম, (ছ) ইতিহাস, (জ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (ঝ) ইসলাম শিক্ষা (ঞ) মনোবিজ্ঞান (ট) পরিসংখ্যান, (ঠ) কৃষিশিক্ষা (ড) গার্হস্থ্য বিজ্ঞান, (ঢ) চারু ও কারুকলা (পুরাতন শিক্ষাক্রম), (ণ) নাট্যকলা (পুরাতন শিক্ষাক্রম), (ত) সমরবিদ্যা (পুরাতন শিক্ষাক্রম), (থ) আরবি অথবা পালি অথবা সংস্কৃত (পুরাতন শিক্ষাক্রম), (দ) লঘু সংগীত, (ধ) উচ্চতর গণিত |
| ব্যবসায় শিক্ষা | ৪. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>৫. হিসাববিজ্ঞান<br>৬. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ৭. (ক) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, (খ) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, (গ) ট্যুরিজম এন্ড হসপিটালিটি, (ঘ) পরিসংখ্যান, (ঙ) ভূগোল, (চ) অর্থনীতি, (ছ) কৃষিশিক্ষা, (জ) গার্হস্থ্য বিজ্ঞান |
| ইসলাম শিক্ষা | ৪. ইসলাম শিক্ষা<br>৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৬. আরবি(পুরাতন শিক্ষাক্রম) | ৭. (ক) সমাজবিজ্ঞান, (খ) সমাজকর্ম, (গ) কৃষিশিক্ষা, (ঘ) গার্হস্থ্য বিজ্ঞান, (ঙ) মনোবিজ্ঞান, (চ) যুক্তিবিদ্যা, (ছ) ভূগোল, (জ) অর্থনীতি |
| * গার্হস্থ্য বিজ্ঞান | ৪. শিশুর বিকাশ<br>৫. খাদ্য ও পুষ্টি<br>৬. গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন | ৭. (ক) শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ, (খ) মনোবিজ্ঞান, (গ) অর্থনীতি, (ঘ) সমাজকর্ম, (ঙ) ভূগোল,(চ) সমাজবিজ্ঞান |
| সঙ্গীত | ৪. লঘু সঙ্গীত<br>৫. উচ্চাঙ্গ সঙ্গীত<br>৬. অর্থনীতি অথবা পৌরনীতি ও সুশাসন অথবা ইতিহাস | ৭. (ক) অর্থনীতি, (খ) পৌরনীতি ও সুশাসন, (গ) মনোবিজ্ঞান, (ঘ) যুক্তিবিদ্যা, (ঙ) গার্হস্থ্য বিজ্ঞান (চ) সমাজবিজ্ঞান, (ছ) সমাজকর্ম |

* শিক্ষাক্রম- ২০১২ এর আলোকে ইতোমধ্যে গার্হস্থ্য বিজ্ঞান শাখার চারটি বিষয়ের (শিশুর বিকাশ, খাদ্য ও পুষ্টি, গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন, শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ) আটটি পাঠ্যপুস্তক (১ম ও ২য় পত্র) প্রণয়ন, প্রকাশ ও বাজারজাত করা হয়েছে। ২০১৯ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় গার্হস্থ্য বিজ্ঞান শাখার চারটি বিষয় (১ম ও ২য় পত্র) শিক্ষাক্রম-২০১২ এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক অনুসারে এবং সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

২২/১১/১৭

প্রফেসর মোঃ মশিউজ্জামান
আইডি নং-২৮৫৬
সদস্য (শিক্ষাক্রম)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা